# বার্ষিক বাজেট পরিকল্পনা

## ২০২২-২০২৩ অর্থ বছর




## উপজেলা পরিষদ
## উজিরপুর, বরিশাল

- **সম্পাদনায়**

**ফারিহা তানজিন**
উপজেলা নির্বাহী অফিসার, উজিরপুর, বরিশাল।

- **উপদেষ্টা**

**মোঃ শাহে আলম**
জাতীয় সংসদ সদস্য
১২০ বরিশাল - ২

- **সার্বিক সহযোগিতায়**

**জনাব মোঃ আব্দুল মজিদ সিকদার বাচ্চু**
চেয়ারম্যান, উপজেলা পরিষদ, উজিরপুর, বরিশাল।

**জনাব অপূর্ব কুমার বাইন**
ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, উজিরপুর, বরিশাল।

**জনাব সীমা রানী শীল**
মহিলা ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, উজিরপুর, বরিশাল।

- **সহযোগিতায়/টিজিপি কমিটি**

**মো: সাইদুজ্জামান**
উপজেলা মৎস্য কর্মকর্তা, উজিরপুর, বরিশাল।

**রবীন্দ্র চক্রবর্তী**
উপজেলা প্রকৌশলী
এলজিইডি, উজিরপুর, বরিশাল।

**মোঃ আবুল কালাম আজাদ**
উপজেলা সমাজসেবা কর্মকর্তা, উজিরপুর, বরিশাল।

**মো: রিয়াদ খান**
উপজেলা সমবায় কর্মকর্তা, উজিরপুর, বরিশাল।

- **কারিগরি সহযোগিতায়**

**সাঈদ মোহাম্মদ হাসান আল মাহাদী**
জেলা সমন্বয়ক, বরিশাল, উপজেলা ইন্টিগ্রেটেড ক্যাপাসিটি ডেভেলপমেন্ট প্রজেক্ট, জাইকা।

- **সহযোগীতায়**

**জনাব এইচ, এম মহিউদ্দিন**
সাঁট-মুদ্রাক্ষরিক কাম-কম্পিউটার অপারেটর, উজিরপুর, বরিশাল।

- **উপজেলা পরিষদ কর্তৃক অনুমোদন**

২১ জুলাই, ২০২২ খ্রিঃ।

- **প্রকাশকাল**

আগস্ট, ২০২২ খ্রিঃ।

- **মুদ্রণে**

গ্রাফিক্স ডিজাইন
রায় রোড, বরিশাল



**জসীম উদ্দীন হায়দার**
জেলা প্রশাসক
বরিশাল

# বাণী

দেশের সার্বিক উন্নয়ন নির্ভর করে তৃণমূল পর্যায়ের উন্নয়নের ওপর। এই তৃণমূল পর্যায়ের উন্নয়ন করতে হলে গ্রাম, ওয়ার্ড এবং ইউনিয়ন ভিত্তিক সুষ্ঠু পরিকল্পনা প্রণয়ন অত্যন্ত প্রয়োজন। সুষ্ঠু পরিকল্পনা ছাড়া কোন কাজই সুন্দরভাবে করা সম্ভব নয়। সুষ্ঠু পরিকল্পনা এবং তার যথাযথ বাস্তবায়নের ওপর কাজের সফলতা নির্ভর করে। এই জন্য প্রয়োজন দীর্ঘমেয়াদী পরিকল্পনা প্রণয়ন। সেক্ষেত্রে উপজেলা পরিষদ একটি তৃণমূল সংগঠন হিসেবে উজিরপুর উপজেলা তাদের বার্ষিক উন্নয়ন পরিকল্পনা (২০২২-২৩ অর্থবছর) প্রণয়নের এই মহতী উদ্যোগ প্রশংসনীয় ও অন্যদের জন্য অনুকরণীয়।

বার্ষিক উন্নয়ন পরিকল্পনার সফল বাস্তবায়নের মাধ্যমে টেকসই উন্নয়ন সম্ভব। তাছাড়া গণতন্ত্রে কাজের স্বচ্ছতা এবং জবাবদিহিতা একটি অত্যন্ত গুরুত্বপূর্ণ বিষয়। এ বার্ষিক উন্নয়ন পরিকল্পনার মাধ্যমে স্বচ্ছতা ও জবাবদিহিতার বিষয়টি স্পষ্ট হয়ে উঠবে এবং তৃণমূল পর্যায় থেকে গণতন্ত্র সুসংহত হবে বলে আমার বিশ্বাস। সর্বোপরি এ বার্ষিক উন্নয়ন পরিকল্পনার মাধ্যমে উপজেলা পরিষদ আরো কার্যকর হবে বলে আমি মনে করি। উজিরপুর উপজেলা পরিষদ কর্তৃক বার্ষিক উন্নয়ন পরিকল্পনা (২০২২-২৩ অর্থবছর) প্রণয়নের জন্য উপজেলা পরিষদ চেয়ারম্যান, উপজেলা নির্বাহী অফিসারসহ সংশ্লিষ্ট সকলকে জানাই আমার আন্তরিক শুভেচ্ছা ও অভিনন্দন।

**জসীম উদ্দীন হায়দার**



মোঃ শহীদুল ইসলাম
উপ পরিচালক, স্থানীয় সরকার
বরিশাল

# বাণী

বর্তমান সরকার উপজেলা পরিষদগুলোকে স্থানীয় সরকার ব্যবস্থার একটি অতি গুরুত্বপূর্ণ সংস্থা হিসেবে ফলপ্রসূ করতে প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণ করেছে। উপজেলা পরিষদ গ্রামীণ জনগোষ্ঠীর স্বাস্থ্য, শিক্ষা, নারীর ক্ষমতায়ন, কর্মসংস্থান সৃষ্টি, দারিদ্র্য বিমোচন, পরিবেশ, রাস্তাঘাট ও অবকাঠামো উন্নয়নে ইতিবাচক ভূমিকা রাখছে। এক্ষেত্রে উজিরপুর উপজেলা পরিষদের বার্ষিক উন্নয়ন পরিকল্পনা প্রণয়নে সরকারের উন্নয়ন পরিকল্পনা ও অংশগ্রহণমূলক উন্নয়ন কার্যক্রম বাস্তবায়নে অধিকতর অগ্রণী ভূমিকা পালন করবে বলে আশা করছি।

উজিরপুর উপজেলা পরিষদ তার সকল উন্নয়ন কর্মকান্ডের সুষ্ঠু বাস্তবায়নের জন্য বার্ষিক উন্নয়ন পরিকল্পনা (২০২২-২০২৩) প্রণয়ন করেছে যা সত্যি প্রশংসার দাবিদার ও অনুকরণীয়। একটি সুষ্ঠু পরিকল্পনা ব্যতীত কোন উন্নয়ন কাজই সফলতার সাথে সম্পন্ন হয় না। জন অংশগ্রহণে তৈরীকৃত এই বার্ষিক উন্নয়ন পরিকল্পনা বিশেষ ভূমিকা রাখবে বলে আমি বিশ্বাস করি।

উজিরপুর উপজেলা পরিষদের চেয়ারম্যান, উপজেলা নির্বাহী অফিসার ও পরিষদের সকল কর্মকর্তা-কর্মচারীসহ বার্ষিক উন্নয়ন পরিকল্পনা প্রণয়নের সাথে সংশ্লিষ্ট সকলকে আমার আন্তরিক ধন্যবাদ জানাই। সর্বোপরি উপজেলাবাসীর প্রতি রইল আমার আন্তরিক শুভেচ্ছা।

মোঃ শহীদুল ইসলাম



আব্দুল মজিদ সিকদার বাচ্চু
চেয়ারম্যান, উপজেলা পরিষদ
উজিরপুর, বরিশাল।

# আমার কথা

দক্ষিণ জনপদের সচচেয়ে প্রাকৃতিক সৌন্দর্য মন্ডিত অসংখ্য নদ-নদী, খাল-বিল দ্বারা বেষ্টিত, ০১টি পৌরসভা, ০৯টি ইউনিয়ন পরিষদ ও ০১টি থানার সমন্বয়ে গঠিত উজিরপুর উপজেলা। আমাদের অনেক ইতিহাস এবং ঐতিহ্য ছিল। কালের গহবরে সেগুলি বিলীন প্রায় । বিশেষ করে সন্ধ্যা নদীর ভাঙ্গনে উপজেলার বেশ কিছু ইউনিয়নের মানুষের আভাস স্থল বিলীন প্রায়।

এছাড়া সিডর, আয়লা, মহসেনের মত প্রাকৃতিক দূর্যোগে আমাদের উপজেলাকে প্রায়শই তছনছ করে দিয়ে যায়। প্রতিনিয়ত আমাদের প্রকৃতির সাথে লড়াই করে বেঁচে থাকতে হচ্ছে। মাননীয় প্রধানমন্ত্রী দেশরত্ন শেখ হাসিনার দূরদর্শিতার কারনে করোনা মহামারিসহ সকল ধরনে প্রতিকুল অবস্থা কাটিয়ে উঠতে আমরা সক্ষম হয়েছি। শিক্ষা, সাংস্কৃতি, খেলাধূলা ও স্বাস্থ্য সেবাসহ সকল ক্ষেত্রেই আমাদের উপজেলা জেলার শ্রেষ্ঠত্ব অর্জন ঐতিহ্য ধরে রাখছে। আমরা প্রকৃতির কাছে হারতে চাই না। আমরা গড়তে চাই আমাদের কাঙ্গিত সন্ত্রাশ, নৈরাজ্য, দূর্ণীতি ও মাদকমুক্ত একটি আধুনিক উপজেলা। সে আলোকে আমরা ২০২২-২০২৩ অর্থবছরে বার্ষিক পরিকল্পনা ও বাজেট প্রণয়ন করেছি। এ পথে আমরা অনেক দূর এগিয়ে যাওয়ার স্বপ্ন দেখছি। আমাদের সাধ্যের মধ্যে থেকেই আমরা বাজেট প্রণয়ন করেছি। উহা বাস্তবায়নের জন্য চাই সততা ও নিষ্ঠার সাথে কাজ করা। আমি আপনাদের সহযোগীতা চাই আপনারা আমাদের পাশে থাকুন, সমলোচনা নয় ভুল,ক্রটি হতে পারে। আপনাদের নিকট আমার আবেদন মাদকমূক্ত সমাজ গড়তে এগিয়ে আসুন । মাদকাসক্ত থেকে আমাদের তরুণও যুব সমাজকে রক্ষা করুন। নচেত মাদক করালগ্রাসের মত ছড়িয়ে পড়বে। তখন কারো কিছু করার থাকবে না। আমরা উজিরপুর উপজেলাবাসীকে একশত ভাগ নিরক্ষর ও বাল্য বিবাহ মুক্ত করতে চাই। অধিক হারে গাছ লাগিয়ে আমরা পরিবেশের ভারসাম্য রক্ষা করতে চাই। স্বাস্থ বিধি ও সামাজিক দূরত্ব মেনে চলার দৃঢ় প্রত্যয়ে স্বাস্থ্য, শিক্ষা, কৃষি, মৎস্য, বাসস্থান, ও যুব উন্নয়ন খাতকে প্রধান্য দিয়ে মাননীয় প্রধানমন্ত্রীর ডিজিটাল বাংলাদেশ গড়ার সম্মুখ পানে এগিয়ে যেতি চাই। শত প্রতিকূলতা উপেক্ষা করে উজিরপুর উপজেলাবাসীর ভালোবাসা নিয়ে এগিয়ে যেতে চাই। হাজার বছরের শ্রেষ্ঠ বাঙালি, জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান এর নেতৃত্বে মহান মুক্তিযুদ্ধের মাধ্যমে আমরা স্বাধীন সার্বভৌম বাংলাদেশ পেয়েছি। মুক্তিযুদ্ধের মধ্য দিয়ে অর্জিত স্বাধীন দেশের মানুষ কখনও পরাভূত হতে পার না। আমাদের প্রণীত ২০২২-২০২৩ অর্থ বৎসরের বার্ষিক পরিকল্পনা ও বাজেট মাননীয় প্রধানমন্ত্রী দেশরত্ন শেখ হাসিনার ভিশন ২০৪১ বাস্তবায়নে সহায়ক ভূমিকা পালন করবে এই প্রত্যাশা রেখে আপনাদের সকলকে ধন্যবাদ জানাই।

আব্দুল মজিদ সিকদার বাচ্চু



**ফারিহা তানজিন**
উপজেলা নির্বাহী অফিসার
উজিরপুর, বরিশাল।

## সম্পাদকীয়

সমতাভিত্তিক টেকসই উন্নয়নের জন্য সীমিত সম্পদের যথাযথ বন্টণ নিশ্চিত করার অন্যতম উপায় হচ্ছে পরিকল্পনা। অর্থ বছরের শুরু থেকে শেষ পর্যন্ত এ প্রক্রিয়াটি চলমান থাকে। বাজেট দেশের সামগ্রিক উন্নয়নের জন্য সীমিত পরিকল্পনার একটি গুরুত্বপূর্ণ দলিল। বাজেট সরকার, ব্যক্তি, পরিবার, ব্যবসায়ী বহুজাতিক কেম্পানী প্রণয়ন করে থাকে। সরকার প্রতি অর্থ বছরে তার আয় ও ব্যয়ের যে হিসার বিবরণী তৈরি করে তা হলো জাতীয় বাজেট। বাজেটের মাধ্যমে জনগণের আশা আকাঙ্খার প্রতিফলন ঘটে। জাতীয় বাজেটের সাথে সমন্বয় রেখে এই অর্থ বছরে উজিরপুর উপজেলা পরিষদ কর্তৃক বাজেট প্রণয়নের চেষ্টা করা হয়েছে।

উপজেলা পরিষদের বার্ষিক পরিকল্পনা ও বাজেট প্রণয়ন একটি চলমান প্রক্রিয়া। ২০২২-২০২৩ অর্থ বছরে উজিরপুর উপজেলা পরিষদের বার্ষিক পরিকল্পনা ও প্রণয়নের উদ্যেগ নেয়া হয়েছে। উজিরপুর উপজেলা পরিষদ বার্ষিক পরিকল্পনা ও বাজেট প্রণয়ণের ক্ষেত্রে সম্মানিত উপজেলা চেয়াম্যান জনাব আব্দুল মজিদ সিকদার বাচ্চু এর ঐকান্তিক প্রচেষ্টায় ২০২২-২০২৩ অর্থ বছরের বার্ষিক পরিকল্পনা ও বাজেট প্রণয়ন সম্ভব হয়েছে। আমি তাকে সাধুবাদ জানাই।

আমি কৃতজ্ঞা জানাই বাজেট প্রদান অনুষ্ঠানে সম্মানিত প্রধান অতিথি বরিশাল-০২ আসনের মাননীয় সংসদ সদস্য জননেতা মোঃ শাহে আলম এমপি মহোদয়কে যার মূল্যবান পারামর্শে বার্ষিক পরিকল্পনা ও বাজেট প্রণয়ন কাজটি সাবলিল ও গতিশীল হয়েছে। এ ছাড়া বার্ষিক পরিকল্পনা ও বাজেট প্রণয়নে যে সকল কর্মকর্তা, কর্মচারী, সাংবাদিকবৃন্দ ও সুশিল সমাজের প্রতিনিধিবৃন্দ সহযোগিতা করেছেন আমি তাদেরকে আন্তরিক ধন্যবাদ জানাচ্ছি। আশা করছি ২০২২-২০২৩ অর্থ বছরের বার্ষিক পরিকল্পনা ও বাজেট উজিরপুর উপজেলাকে একটি আধুনিক উপজেলা গঠনে সহায়ক ভূমিকা পালন করবে।

**ফারিহা তানজিন**

# উপজেলার মানচিত্র


WAZIRPUR UPAZILA
AGAILJHARA
GOURNADI
KOTALIPARA
NAZIRPUR
BABUGANJ
BANARIPARA
JHALOKATI SADAR
Jalla
Satla
Haria
Otra
Ikarpur
Bamrail
Barakotha
Sholak
WAZIRPUR
Guthia
Bisarkandia R
Jhanihania K
Shanir K
Harta R
Wazirpur R
Otra R
Nunda R
Kanta K
Swarupkati R
Sikarpur R
Amtali R
Kalijira R
90°02'
90°06'
90°10'
90°14'
90°18' E
90°18'
22° 56'
22° 54' N
22° 52'
22° 50'
22° 48'
22° 46'
2 0 2 4 km

# উপজেলা পরিষদ বাজেট (২০২২-২৩ অর্থবছর)

উজিরপুর উপজেলার ২০২২-২০২৩ অর্থবছরের প্রাক্কলিত এডিপির (সরকার থেকে প্রাপ্ত) বরাদ্দ গত অর্থবছরের (২০২১-২০২২) তুলনায় ২৩% বেশি। ২০২২-২৩ অর্থবছরে এডিপির প্রাক্কলিত বরাদ্দ ১.৯৪ কোটি টাকা। গত অর্থবছরে (২০২১-২২) মোট উন্নয়ন বরাদ্দ ছিল ছিল ১ কোটি ৪৯ লক্ষ ৮৮ হাজার ৮০৮ টাকা। এই অর্থবছরে (২০২২-২৩) মোট উন্নয়ন প্রাক্কলিত বরাদ্দ ১ কোটি ৯৩ লক্ষ ৭৫ হাজার ৫২৫ টাকা।

**ফরম-”ক”**

**বিধি-৩ দ্রষ্টব্য**

**বাজেট সার সংক্ষেপ ২০২২-২০২৩ অর্থ বছর**

| | বিবরণ | পূর্ববর্তী বছরেরপ্রকৃত বাজেট ২০২০-২০২১ | চলতি বৎসরের সংশোধিত বাজেট ২০২১-২০২২ | পরবর্তী বৎসরের সম্ভাব্য বাজেট ২০২২-২০২৩ |
|---|---|---|---|---|
| অংশ-০১ | রাজস্ব হিসাব | | | |
| | প্রাপ্তি<br>রাজস্ব<br>অনুদান | ১,২৭,০১,০২১/- | ১,৬২,৮০,২১৩/- | ১,৮০,০০,০০০/- |
| | মোট প্রাপ্তি | ১,২৭,০১,০২১/- | ১,৬২,৮০,২১৩/- | ১,৬৫,০০,০০০/- |
| | বাদ রাজস্ব ব্যয় | ১,২৭,০১,০২১/- | ১,৬২,৮০,২১৩/- | ১,৬৫,০০,০০০/- |
| | রাজস্ব উদ্ধৃত/ঘাটতি (ক) | ---- | | ---- |
| অংশ-০২ | উন্নয়ন হিসাব<br>উন্নয়ন অনুদান | ১,৪৮,৬৭,৮০৮/- | ১,৪৯,৮৮,৮০৮/- | ১,৯৩,৭৫,৫২৫/- |
| | অন্যান্য অনুদান ও চাঁদা | ---- | | ---- |
| | মোট (খ) | ---- | | ---- |
| | মোট প্রাপ্ত সম্পদ (ক+খ) | ১,৪৮,৬৭,৮০৮/- | ১,৪৯,৮৮,৮০৮/- | ১,৯৩,৭৫,৫২৫/- |
| | বাদ উন্নয়ন ব্যয় | ১,৪৮,৬৭,৮০৮/- | ১.৪৯,৮৮,৮০৮/- | ১,৯৩,৭৫,৫২৫/- |
| | সার্বিক বাজেট<br>উদ্ধৃত/ঘাটতি | ১,৪৮,৬৭,৮০৮/- | ১.৪৯,৮৮,৮০৮/- | ১,৯৩,৭৫,৫২৫/- |
| | সমাপ্তি জের | --- | ----- | ----- |

**ফরম-”খ”**

**রাজস্ব হিসাব (আয়)**

| ক্রঃ নং | প্রাপ্তির বিবরণ | পূর্ববর্তী বছরেরপ্রকৃত বাজেট ২০২০-২০২১ | চলতি বছরেরসংশোধিত বাজেট ২০২১-২০২২ | পরবর্তী বছরেরসম্ভাব্য বাজেট ২০২২-২০২৩ |
|---|---|---|---|---|
| ০১ | অফিস ও বাসাবাড়ি হতে আয় | ১,৫৩,৯৪৭/- | ৫৩,৬০০/- | ৪,০০,০০০/- |
| ০২ | হাট বাজার ইজারার মাধ্যমে আয় (৪১%) বাবদ) | ৯,৮৩,৮৭৪/- | ১৯,৬০,৪৫৮/- | ২০,০০,০০০/- |
| ০৩ | বিভিন্ন ব্যবসা প্রতিষ্ঠান ও শিল্প কারখানার উপর ধার্যকৃত কর | ---- | ---- | ---- |
| ০৪ | সিনেমার উপর কর | ---- | ---- | ---- |
| ০৫ | নাটক, থিয়েটার ও যাত্রার উপর কর | ---- | ---- | ---- |
| ০৬ | রাস্তা আলোকিত কারণের উপর ধার্যকৃত কর | ---- | ---- | ---- |
| ০৭ | মেলা প্রদর্শণীর উপর ধার্যকৃত কর | ---- | ---- | ---- |
| ০৮ | পরিষদের লাইসেন্স পারমিট ধার্য ফি | ---- | ---- | ---- |
| ০৯ | রেজিষ্ট্রেশন ফিসের ১% | ---- | ---- | ---- |
| ১০ | ভূমি হস্তান্তর কর ১% হারে প্রাপ্ত | ১,১৫,৬৩,২০০/- | ১,৪১,৩৬,৩০৪/- | ১,৫০,০০,০০০/- |

| | | | | |
|---|---|---|---|---|
| ১১ | ভূমি উন্নয়ন কর ২% | --- | ১,২৯,৮৫১/- | ২,০০,০০০/- |
| ১২ | সিএন্ডসি স্ট্যান্ড/ইজারা | --- | ---- | ---- |
| ১৩ | অন্যান্য | | ---- | ২,০০,০০০/- |
| ১৪ | বিশেষ অনুদান | --- | ---- | --- |
| ১৫ | ডোবা/নালা/গরুর হাট ইজারা বাবদ আয় | --- | ---- | ৫০,০০০/- |
| ১৬ | মোট আয় (রাজস্ব) | --- | ---- | --- |
| ১৭ | বিভিন্ন অর্থ বৎসরে বিভিন্ন খাতে প্রত্যাশিত ও অপ্রত্যাশিত সম্ভাব্য আয় | ---- | ---- | ---- |
| | সর্বমোট | ১,২৭,০১,০২১/- | ১,৬২,৮০,২১৩/- | ১,৭৮,৫০,০০০/- |

**"অংশ-০১"**

**রাজস্ব হিসাবঃ ব্যয়**

| ক্রঃ নং | প্রাপ্তির বিবরণ | পূর্ববর্তী বছরের প্রকৃত বাজেট ২০২০-২০২১ | চলতি বছরের সংশোধিত বাজেট ২০২১-২০২২ | পরবর্তী বছরের সম্ভাব্য বাজেট ২০২২-২০২৩ |
|---|---|---|---|---|
| ০১ | সাধারণ সংস্থাপন/প্রাতিষ্ঠানিক ক) সম্মানী ভাতা, চেয়ারম্যান/ভইস চেয়ারম্যানদ্বয়) | ১১,৮৮,০০০/- | ১১,৮৮,০০০/- | ১১,৮৮,০০০/- |
| ০২ | খ) কর্মকর্তা/কর্মচারীর বেতন ভাতা | ---- | ---- | ---- |
| | গ) পরিষদ কর্মচারী | ৪,২৮,৬০০/- | ৪,৬০,৭০০/- | ৫,০০,০০০/- |
| | ০২। দায়যুক্ত ব্যয় (সরকারি কর্মচারীর সম্পর্কিত | ---- | --- | ---- |
| | ক) ইউপি সচিবদের ২৫% বেতন- ভাতা বাবদ ডিসি অফিসে প্রেরণ | ---- | --- | ---- |
| | খ) আনুতোষিক তহবিলে হস্তান্তর | ---- | --- | ---- |
| | গ) অন্যান্য প্রতিষ্ঠান ব্যয় | ৩,০৭০/- | ৮৮৮/- | ১,০০,০০০/- |
| ০৩ | যাতায়াত ভাতা (চেয়ারম্যান/ভাইস চেয়ারম্যানদ্বয়) | ২,৬০,৪৯৯/- | ৩,৬১,৪৯৯/- | ৬,০০,০০০/- |
| ০৪ | মনিহারী | --- | --- | ---- |
| ০৫ | কম্পিউটার ক্রয় (মেরামত) | ৫০,০০০/- | ৫০,০০০/- | ৫০,০০০/- |
| ০৬ | অনুতোষিক তহবিল হস্তান্তর | --- | --- | ---- |
| ০৭ | যানবাহন মেরামত ও জ্বালানী | ১,০০,০০০/- | ৩,৮১,৫২৯/- | ৫,০০,০০০/- |
| ০৮ | ক্লোজ সার্কিট ক্যামেরা ক্রয় | --- | ১২,০০০/- | ৩,০০,০০০/- |
| ০৯ | কর আদায়ের জন্য ব্যয় | ---- | --- | ---- |
| ১০ | অন্যান্য ব্যয় (পত্রিকার বিলসহ) | ---- | ১,১৭,১০৯/- | ৩,০০,০০০/- |
| ১১ | ক) টেলিফোন/ইন্টারনেট | ---- | ১৮,০৮২/- | ৫০,০০০/- |
| | খ) বিদ্যুৎ বিল | ২,৩২,১৯১/- | ২,০৯,২৪০/- | ---- |
| | গ) পৌরকর /ট্রাক্স | ---- | ৭,১০,০৫২/- | ৬,০০,০০০/- |
| | ঘ) ভূমি উন্নয়ন খরচ | ২০,৪৭৫/- | --- | ৩০,০০০/- |
| | ঙ) আভ্যন্তরিণ অডিট ব্যয় বাজেট প্রণয়ন খরচ | ---- | --- | ১,০০,০০০/- |
| | চ) পানির পাম্প খরচ | ৮৪,৫২০/- | ৪,৭১,৮৯০/- | ২,৫০,০০০/- |
| | ছ) আপ্যায়ন ব্যয় | ৩,৪২,০০০/- | ৪,৫৬,০০০/- | ৪,৫৬,০০০/- |
| ১২ | ঝ) মেরামত রক্ষাণাবেক্ষণ ব্যয় উপজেলা-০২ শাখা হতে বিশেষ অনুদান | ---- | --- | ---- |
| ১৩ | অফিস ও আবাসিক ভবন (মেরামত সংরক্ষণ ও বাউন্ডারী ওয়াল নির্মাণ) | ৭,৩৯,২৬৫/- | ১০,০০.০০০/- | ১০,০০,০০০/- |
| ১৪ | ক) আসবাবপত্র ক্রয় | ৩,০০,০০০/- | ৩,০০,০০০/- | ৩,০০,০০০/- |

| | | | | |
|---|---|---|---|---|
| | খ) আসবাপত্র মেরামত | ৫০,০০০/- | ৫০,০০০/- | ৫০,০০০/- |
| | গ) আইপিএস মেরামত | ১০,০০০/- | --- | ১০,০০০/- |
| | ঘ) অন্যান্য পরিশোধ যোগ্য কর/বিল ইউপি অনুকূলে ছাড় | ---- | --- | ---- |
| | ঙ) দফাদার/মহল্লাদারদের বেতন বাবদ ছাড় | ---- | --- | ---- |
| | চ) ইউপি চেয়ারম্যানদের প্রদান (সরাসরি) | ---- | --- | ---- |
| ১৫ | আনুষাঙ্গিক ব্যয় | ৪৫,০০০/- | ৬০,০০০/- | ৬০,০০০/- |
| ১৬ | কর আদায় বাবদ খরচ রেজিষ্ট্রার করণ ও রসিদ বই, বার্ষিক পরিকল্পনা ও বাজেট প্রকাশ | ---- | ১,০০,০০০/- | ১,০০,০০০/- |
| ১৭ | বৃক্ষ রোপন/রক্ষানাবেক্ষণ | ---- | ---- | ---- |
| ১৮ | মৎস্য চাষ | ---- | --- | ---- |
| ১৯ | সামাজিক ও ধর্মীয় প্রতিষ্ঠানে অনুদান | ---- | --- | ---- |
| ২০ | বিভিন্ন ক্লাব ও প্রতিষ্ঠানে অনুদান | ---- | --- | ---- |
| ২১ | খেলাধূলা উৎসব/সাংস্কৃতিক অনুষ্ঠান | | --- | ১,০০,০০০/- |
| ২২ | আভ্যন্তরিণ বাসাবাড়ি মেরামত ও রাস্তাঘাট উন্নয়ন | ---- | --- | ---- |
| ২৩ | অপ্রত্যাশিত রাজস্ব খাতে ব্যয় | ৩,৫০,০০০/- | ৫,০০,০০০/- | ৫,০০,০০০/- |
| ২৪ | হাট-বাজার ও উন্নয়ন প্রকল্পসমূহ রক্ষণাবেক্ষণ | ---- | --- | ---- |
| ২৫ | মূলধন ব্যয়<br>ক) গাড়ির গ্যারেজসহ সংযোগ সড়ক ও শেড নির্মাণ | ---- | --- | ---- |
| | খ) টি এন্ড ই অফিস সরঞ্জাম ক্রয় | ৩,০০,০০০/- | ৩,০০,০০০/- | ৩,০০,০০০/- |
| ২৬ | এসএসসি ও এইচএসসি ও পরিক্ষায় জিপিএ ৫+ প্রাপ্ত কৃতি শিক্ষার্থীদের সংবর্ধণা ব্যয় | ---- | --- | ----- |
| ২৭ | উপজেলা পরিষদের পক্ষ থেকে উপবৃত্তি প্রদান ও প্রকল্প ব্যয় (দরিদ্র ও মেধাবী শিক্ষার্থী) | ---- | --- | ৪,০০,০০০/- |
| ২৮ | বিভিন্ন জাতীয় দিবস উদযাপন ব্যয় | ১,০০,০০০/- | ১,০০,০০০/- | ১,০০,০০০/- |
| ২৯ | বিভিন্ন শোক দিবস ব্যয় | ---- | --- | ৫০,০০০/- |
| ৩০ | সম্মানীত বীর মুক্তিযোদ্ধাদের বার্ষিক সম্মামনা প্রদানে ব্যয় | ---- | --- | ১,০০,০০০/- |
| ৩১ | স্বাধীনতার সুবণজয়ন্তী মেলা বাবদ | --- | ১,০০,০০০/- | ২,০০,০০০/- |
| ৩২ | জরুরী ভিত্তিতে বিভিন্ন অবকাঠামো মেরামত বাবদ ব্যয় | --- | --- | ৫,০০,০০০/- |
| ৩৩ | মশোক নিধন | ৯০,০০০/- | ৯০,০০০/- | ৯০,০০০/- |
| ৩৪ | বর্জ ব্যবস্থাপনা/পরিস্কার পরিচ্ছন্নতা | ১,০০,০০০/- | ১,০০,০০০/- | ১,০০,০০০/- |
| ৩৫ | নিরাপত্তা খাত (আনসার) | --- | ১,০০,০০০/- | |
| ৩৬ | মুজিববর্ষের ঘর নির্মাণের ব্যয় | --- | ৩,৭৪,৪৯০/- | ৪,০০,০০০/- |
| ৩৭ | গত অর্থ বছরের ভবন বাসাবাড়ি মেরামতের জামানত প্রদান | --- | ৫৯,১০৯/- | ১,০০,০০০/- |
| ৩৮ | রাজস্ব উদ্বৃত (যা উন্নয়ন হিসাবে স্থানান্তর হবে। | ৮২,০৪,৪০১/- | ৮৬,১১,৫০১/- | ৯০,০০,০০০/- |
| | সর্বমোট ব্যয় (রাজস্ব) | ১,২৭,০১,০২১/- | ১,৬২,৮০,২১৩/- | ১,৮০,৩৪,০০০/- |

## উন্নয়ন হিসাব প্রাপ্তি (অংশ-২ )

| আয়/প্রাপ্তি | | | |
|---|---|---|---|
| প্রাপ্তির বিবরণ | পূর্ববর্তী বৎসরের প্রকৃত (২০২০-২০২১) | চলতি বৎসরের বাজেট বা সংশোধিত বাজেট (২০২১-২০২২) | পরবর্তী বৎসরের সম্ভাব্য বাজেট (২০২১-২০২২) |
| ১ | ২ | ৩ | ৪ |
| ১। অনুদান (উন্নয়ন) | --- | --- | ---- |
| ক. সরকার | ৮২,১৫,০০০/- | ৮৩,৩৬,০০০/- | ১,০০,০০,০০০/- |
| খ. অন্যান্য উৎস (যদি থাকে, নির্দিষ্টভাবে উল্লেখ করতে হবে) | ---- | | ---- |
| গ. উপজেলা পরিষদ বাসাবাড়ি মেরামত ও সংরক্ষণ ফরম “ঘ” | ---- | | ----- |
| ২। স্বেচ্ছা প্রণোদিত চাঁদা | ---- | | ---- |
| ৩। রাজস্ব উদ্বৃত্ত | ৬৬,৫২,৮০৮/- | ৮৬,১১,৫০১/- | ৯০,০০,০০০/- |
| ৪। উন্নয়ন উদ্বৃত্ত | | | ---- |
| মোট প্রাপ্তি (উন্নয়ন হিসাব) | ১,৪৮,৬৭,৮০৮/- | ১,৬৯,৪৭,৫০১/- | ১,৯০,০০,০০০/- |

## উন্নয়ন হিসাব ব্যয় (অংশ-০২)

| ব্যয় | | | | |
|---|---|---|---|---|
| ক্রঃ নং | প্রাপ্তির বিবরণ | পূর্ববর্তী বছরের ব্যয় (২০২০-২০২১) | চলতি বাজেট বা সংশোধিত বাজেট (২০২১-২০২২) | পরবর্তী বছরের সম্ভাব্য বাজেট (২০২২-২০২৩) |
| ১ | ২ | ৩ | ৪ | ৫ |
| ০১ | কৃষি ও সেচ | ২৩,০০,০০০/- | ২৩,০০,০০০/- | ১৮,০০,০০০/- |
| ০২ | শিল্প ও কুটিরশিল্প | --- | | -- |
| ০৩ | ভৌত অবকাঠামো | ৮৯,০০,০০০/- | ৯০,০০,০০০/- | ১,১৮,০০,০০০/- |
| ০৪ | আর্থ-সামাজিক অবকাঠামো | ২১,০০,০০০/- | ২১,০০,০০০/- | ২০,০০,০০০/- |
| ০৫ | ক্রীড়া ও সংস্কৃতি | ৫,০০,০০০/- | ৫,০০,০০০/- | ৯,৭৫,৫২৫/- |
| ০৬ | বিবিধ (প্রয়োজনে অন্যান্য খাতের এইরুপ ব্যয় উল্লেখ করিতে হইবে। | --- | | --- |
| ০৭ | সেবা | --- | | --- |
| ০৮ | শিক্ষা | ৮,০০,০০০/- | ৮,০০,০০০/- | ২৩,০০,০০০/- |
| ০৯ | স্যানিটেশন | ২,৬৭,৮০৮/- | ২,৮৮,৮০৮/- | ৫,০০,০০০/- |
| ১০ | দারিদ্র হ্রাসকরণ সামাজিক নিরাপত্তা ও প্রাতিষ্ঠানিক সহায়তা | --- | | --- |
| ১১ | পল্লী উন্নয়ন ও সমবায় | --- | | --- |
| ১২ | মহিলা, যুব ও শিশু উন্নয়ন | --- | | --- |
| ১৩ | দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ | --- | | --- |
| ১৪ | সমাপ্তি জের | --- | | --- |
| ১৫ | মোট ব্যয় (উন্নয়ন হিসাব) | ১,৪৮,৬৭,৮০৮/- | ১,৪৯,৮৮,৮০৮/- | ১,৯৩,৭৫,৫২৫/- |

**উজিরপুর উপজেলা পরিষদের নিয়মিত কর্মকর্তা ও কর্মচারীদের বিবরণীঃ**
**অর্থ বছর ২০২২-২০২৩।**

| ক্রঃ নং | পদের/খাতের নাম | পদের সংখ্যা | সম্মানী ভাতা/বেতন ব্যয় | ভ্রমণ ভাতা ব্যয় | বাড়ি ভাড়া ভাতা | বাৎসরিক প্রাক্কালিত অর্থের পরিমাণ |
|---|---|---|---|---|---|---|
| ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ | ৭ |
| ০১ | চেয়ারম্যান | ০১ | ৪০,০০০X১২= ৪,৮০,০০০/- | ১,৪০,৯৯৯/- | ৫,০০০X১২= ৬০,০০০/- | ৬,৮০,৯৯৯/- |
| ০২ | ভাইস চেয়ারম্যান | ০১ | ২৭,০০০X১২= ৩,২৪,০০০/- | ১,০৯,৫০০/- | --- | ৪,৩৩,৫০০/- |
| ০৩ | মহিলা ভাইস চেয়ারম্যান | ০১ | ২৭,০০০X১২= ৩,২৪,০০০/- | ১,১১,০০০/- | --- | ৪,৩৫,০০০/- |
| ০৪ | সাঁট-মুদ্রাক্ষরিক কাম-কম্পিঃ অপারেটর | ০১ | স্থানীয় সরকার বিভাগ উপজেলা-০১ শাখার ০৩/৩৭০৫/৩৬০১/৫৯০১ কোড হতে প্রাপ্য। | | | |
| ০৫ | ড্রাইভার | ০১ | | | | |
| ০৬ | অফিস সহায়ক | ০২ | | | | |
| ০৭ | মালি/সুইপার | ০২ | --- | --- | --- | ৪,৬০,৭০০/- |
| ০৮ | নিরাপত্তা প্রহরী | ০১ | --- | --- | --- | ১,০০,০০০/- |
| ০৯ | জীপ গাড়ি সংক্রান্ত | --- | --- | -- | --- | ৩,৮১,৬২০/- |
| ১০ | আনুসাঙ্গিক খরচ | --- | --- | --- | --- | ৬০,০০০/- |
| ১১ | আপ্যায়ন খরচ | --- | --- | --- | --- | ৪,৫৬,০০০/- |

**"ফরম-খ"**
**উপজেলায় কোন বিশেষ প্রকল্প বাস্তবায়নের জন্য সরকার**
**হতে প্রাপ্ত অর্থের বিবরণী ঃ অর্থ বছর ২০২১-২০২২।**

| ক্রঃ নং | প্রকল্পের না ও সংক্ষিপ্ত বিবরণী | সরকার হতে প্রাপ্ত অর্থের পরিমাণ ২০২১-২০২২ | চলতি অর্থ বছরে ব্যয়িত অথবা সম্ভাব্য ব্যয়ের পরিমাণ | সম্ভাব্য স্থিতি |
|---|---|---|---|---|
| ১ | ২ | ৩ | ৪ | ৫ |
| ০১ | উপজেলা পরিষদরে বাসা বাড়ি মেরামত ও সংরক্ষণ। স্থানীয় সরকার বিভাগ, উপজেলা - ০২ শাখা হতে প্রাপ্ত বিশেষ অনুদান | ১১,০০,০০০/- | ১১,০০,০০০/- | ---- |
| ০২ | উপজেলা পরিচালন ও উন্নয়ন প্রকল্প, স্থানীয় সরকার বিভাগ, ঢাকা হতে প্রাপ্ত অর্থ | ৭০,০০,০০০/- | ৭০,০০,০০০/- | ---- |